



ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগ  
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
দিনাজপুর-৫২০০

স্মারক নং-হাবিপ্রবি/ছাপনিবি/৬০৭

তারিখঃ ০৪/০৩/২০২১

বিজ্ঞপ্তি

এ বিশ্ববিদ্যালয়ের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ঐতিহাসিক ৭ই মার্চ” ২০২১ খ্রী: হতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত মোতাবেক জাতীয় দিবস হিসেবে পালিত হতে যাচ্ছে। সেই উপলক্ষ্যে সকাল ৬.৪০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সম্মুখে জাতীয় পতাকা উত্তোলন করা হবে এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে মাননীয় ভাইস-চ্যান্সেলর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে (কেন্দ্রীয় শহীদ মিনার) সকাল ১০.০০ টায় পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। সেই সাথে জাতির জনকের ৭ই মার্চ এর ঐতিহাসিক ভাষণটি প্রচার করা হবে। পরবর্তীতে এ দিবসটি উপলক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করতে আশ্রয়ী সকল সংগঠন ও ব্যক্তিবর্গের জন্য উন্মুক্ত থাকবে। সকলকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করার জন্য বিনীত অনুরোধ করা হলো। এ ছাড়াও বিকাল ৩.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে যে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হতে যাচ্ছে তা এ বিশ্ববিদ্যালয়ের টিএসসি’র সম্মুখে মুক্ত মঞ্চে প্রজেক্টর এর মাধ্যমে প্রচার করা হবে।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. ডীন (সকল অনুমদ), হাবিপ্রবি, দিনাজপুর।
২. পরিচালক, আই.আর.টি, হাবিপ্রবি, দিনাজপুর।
৩. বিভাগীয় চেয়ারম্যান (সকল বিভাগ), হাবিপ্রবি, দিনাজপুর (প্রচারের অনুরোধসহ)।
৪. হল সুপার (সকল হল), হাবিপ্রবি, দিনাজপুর (প্রচারের অনুরোধসহ)।
৫. প্রক্টর, হাবিপ্রবি, দিনাজপুর।
৬. পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা, হাবিপ্রবি, দিনাজপুর।
৭. পরিচালক, পরিবহন ও যন্ত্র মেরামত শাখা, হাবিপ্রবি, দিনাজপুর।
৮. শাখা প্রধান (সকল শাখা), হাবিপ্রবি, দিনাজপুর (প্রচারের অনুরোধসহ)।
৯. কো-অর্ডিনেটর, আইটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ), হাবিপ্রবি, দিনাজপুর।
১০. পি এস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
১১. পি এ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
১২. পি এ টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), হাবিপ্রবি, দিনাজপুর।
১৩. সকল নোটিশ বোর্ড।
১৪. অফিস নথি।

  
সদস্য সচিব

জাতীয় দিবস উদযাপন কমিটি-২০২১  
হাবিপ্রবি, দিনাজপুর।

বি.দ্র.ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ টেলিভিশন ও বেতার হতে প্রচারিত ঐতিহাসিক ৭ ই মার্চ এর জাতীয় অনুষ্ঠানটি দেখার জন্য বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, ছাত্র-ছাত্রী ও কর্মচারীবৃন্দকে অনুরোধ করা হচ্ছে।